
01 JUN 19..
... ১ ... ৭ ...

দৈনিক বাংলা




গত ২৬ মে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউট কর্তৃক বেক্সিমকো গ্রুপের কর্মীদের জন্যে আয়োজিত বিশেষ ইংরেজী শিক্ষা কোর্সের সার্টিফিকেট বিতরণ করেন ইনস্টিটিউটের পরিচালক জনাব এ এইচ এম আব্দুল হাই

# বিশেষ ইংরেজী ভাষা শিক্ষা কোর্সের সার্টিফিকেট বিতরণ

গত ২৬ মে বৃহস্পতিবার বিকাল ৫টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউট কর্তৃক বেক্সিমকো গ্রুপের কর্মীবৃন্দের জন্য আয়োজিত এক বিশেষ ইংরেজী ভাষা শিক্ষা কোর্সের সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় ইনস্টিটিউট মিলনায়তনে। সার্টিফিকেট বিতরণ করেন ইনস্টিটিউটের পরিচালক জনাব এ এইচ এম আবদুল হাই।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বেক্সিমকো গ্রুপের চেয়ারম্যান এ এস এফ রহমান। জনাব রহমান তাঁর বক্তৃতায় প্রশিক্ষণের মাধ্যমে ভাষা ও অন্যান্য ক্ষেত্রে কর্মীদের দক্ষতা বৃদ্ধিতে বেক্সিমকো গ্রুপের আগ্রহের কথা উল্লেখ করেন। এই লক্ষ্যে তিনি জাতীয় প্রশিক্ষণ সংস্থাসমূহের সাথে যোগাযোগ বৃদ্ধির আশা প্রকাশ করেন। উল্লেখ্য, বেক্সিমকো'র বার্ষিক কর্মী প্রশিক্ষণ ব্যয় প্রায় দুই কোটি টাকা। জনাব রহমান ইনস্টিটিউটের প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম সহায়তাকল্পে একটি আইবিএম কম্পিউ–টার সিস্টেম প্রদানের ঘোষণা দেন।

জনাব আবদুল হাই তাঁর বক্তৃতায় সাম্প্রতিক বছরগুলোতে ব্যবসায়ী মহলে ভাষা শিক্ষার প্রয়োজনীয়তা বৃদ্ধির উল্লেখ করেন। তিনি বলেন, এই প্রয়োজনয়িতা পূরণে ইনস্টিটিউট সম্ভাব্য সকল প্রচেষ্টা গ্রহণ করবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।



এশিয়া এলায়েন্স অব ওয়াইএমসিএ আয়োজিত এবং থাইল্যান্ডের চিয়াংমাইতে অনুষ্ঠিত আন্তর্জাতিক মানবাধিকার সম্মে–লনে মূল বক্তব্য পেশ করেন বাংলাদেশের বুদ্ধিজীবী হুমায়ুন কবির চৌধুরী। পাঁচদিন (মে ১৮–২২) ব্যাপী সম্মেলনে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অনেক প্রখ্যাত বিচারপতি, আইনজীবী ও মান–বাধিকার কর্মী অংশগ্রহণ করেন। জনাব চৌধুরী বাংলাদেশ ওয়াইএমসি'র জাতীয় কমিটির প্রতিনিধিত্ব করেন